

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি  
মৎস্য ভবন (১০ম তলা), রমনা, ঢাকা।


নং-০৩.০৯.০০০০.৬৬১.৫৫.০১৭.২০১৩-৭২৪

তারিখঃ ২৬/০১/২০১৫ খ্রিঃ।

বিষয় : বাল্য বিবাহ প্রতিরোধে এনজিওদের ভূমিকা প্রসংগে।

গত ২৯/১২/১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে গভর্নেন্স ইনোভেশন ইউনিট এর আওতায় বাল্য বিবাহ প্রতিরোধে এনজিওদের ভূমিকার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত আলোচনায় উল্লেখ করা হয় যে, এনজিওসমূহ বাল্য বিবাহ প্রতিরোধসহ বিভিন্ন বিষয়ে দেশের তৃণমূল পর্যায়ে কাজ করছে। বাল্য বিবাহ প্রতিরোধে সরকারের পাশাপাশি এনজিওদের ভূমিকা আরো গতিশীল হলে বাল্য বিবাহ রোধ করা আরো সহজতর হবে মর্মে সকলেই মতামত দেন।

এমতাবস্থায় বাল্য বিবাহ প্রতিরোধে কর্মরত এনজিওসমূহের কার্যক্রম অব্যাহত রাখা/জোরদার করা এবং এ বিষয়ে তাদের অভিমত/পরামর্শ সরকারের সংশ্লিষ্ট বিভাগসহ এনজিও বিষয়ক ব্যুরোকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকল এনজিওকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।



(কে, এম আব্দুস সালাম)  
পরিচালক(যুগ্ম সচিব)  
ফোন : ৯৫৬২৮৪৫

নির্বাহী পরিচালক/প্রধান নির্বাহী  
এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধিত এনজিওসমূহ।